

ডিগ্রি পরীক্ষার সময়সূচি নিয়ে পরীক্ষার্থীরা বিভ্রান্তিতে

■ সমকাল প্রতিবেদক
জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে চলমান ২০১২ সালের ডিগ্রি (পাস) পরীক্ষার সময়সূচি নিয়ে বিভ্রান্তিতে পড়েছেন পরীক্ষার্থীরা। পরীক্ষা শুরু পর সূচি পরিবর্তন করায় এ বিভ্রান্তির সৃষ্টি হয় বলে অভিযোগ করেছেন তারা। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ও পরীক্ষার্থীরা জানান, গত ২ মার্চ থেকে এ পরীক্ষা দেশজুড়ে শুরু হয়। পরে চারটি বিষয়ের পরীক্ষার সূচি পরিবর্তন করা হয়েছে। বিষয়টি পরিষ্কার করতে মঙ্গলবার জাতীয় বিশ্ববিদ্যালয় এক বিজ্ঞপ্তিতে জানায়, গত ৩ ফেব্রুয়ারি পরীক্ষার সময়সূচি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশ করা হয়। কিন্তু পরীক্ষার্থীদের আবেদনের পরিপ্রেক্ষিতে প্রকাশিত সময়সূচির মধ্যে ৫, ৬, ৮ এবং ৯ মার্চের পরীক্ষার সূচি আংশিক সংশোধন করা হয়, যা ৫ ফেব্রুয়ারি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে সংশোধিত। ■ পৃষ্ঠা ১১; কলাম ৮

ডিগ্রি পরীক্ষার

[তৃতীয় পৃষ্ঠার পর]

সময়সূচি আকারে প্রকাশিত হয়। এ বিষয়ে যোগাযোগ করা হলে জাতীয় বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক জানিয়েছেন, কোনো প্রকার বিভ্রান্তির অবকাশ নেই। ৫ ফেব্রুয়ারি প্রকাশিত সংশোধিত সূচি অনুযায়ীই পরীক্ষা অনুষ্ঠিত হবে। চার দিনের সূচি : ৫ মার্চ ভূগোল ও পরিবেশ/জেনারেল সায়েন্স ফুড অ্যান্ড নিউট্রিশন/হিসাববিজ্ঞান প্রথমপত্র, ৬ মার্চ ইসলামের ইতিহাস ও সংস্কৃতি/রসায়ন/ইতিহাস প্রথমপত্র, ৮ মার্চ গার্লস অর্থনীতি প্রথমপত্র এবং ৯ মার্চ রাষ্ট্রবিজ্ঞান/উচ্চশিক্ষা/ফিন্যান্স অ্যান্ড ব্যাংকিং প্রথমপত্র পরীক্ষা অনুষ্ঠিত হবে। প্রতিদিন দুপুর ২টা থেকে এসব পরীক্ষা শুরু হবে। তবে পরীক্ষার অন্যান্য সূচি অপরিবর্তিত থাকবে বলে বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ জানায়, পরীক্ষায় এক হাজার ৬২৭টি ডিগ্রি কলেজের নিয়মিত, অনিয়মিত মিলিয়ে মোট চার লাখ ৭৫ হাজার ৯৭২ জন পরীক্ষার্থী অংশগ্রহণ করছেন। এবার ৬৬৬টি কেন্দ্রে এ পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে। আগামী ৫ মে পর্যন্ত এ পরীক্ষা চলবে।